67

দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিল্পকলা একাডেমী ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 26 JUN 1989
পৃষ্ঠা 1 কলাম 4

(20)

# শিল্প ও সংস্কৃতি যে-কোন দেশের ঐতিহ্যকে সমৃদ্ধ করে

শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম বলিয়াছেন, স্বীয় শিল্প কর্মের মাধ্যমেই একজন শিল্পী তাহার মেধা ও প্রতিভা বিকাশ এবং শিল্পের উৎকর্ষ বৃদ্ধির সুযোগ পাইয়া থাকেন। মন্ত্রী গতকাল (রবিবার) বিকালে গুলশানে সাজু আর্ট গ্যালারীতে শিল্পী অবদুল মতিন

(১১শ পৃঃ দ্রঃ)

## শিক্ষামন্ত্রী

(১ম পৃঃ পর)

তালুকদারের একক মৃতশিল্প ও চায়নিজ পেইনটিং প্রদর্শনীর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা দিতেছিলেন। জাতীয় যাদুঘরের মহাপরিচালক ডঃ এনামুল হকের সভাপতিত্বে অনুষ্ঠিত এই অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন শিল্পী আবদুল মতিন তালুকদার।

শিক্ষামন্ত্রী বলেন, শিল্প ও সংস্কৃতি যেকোন দেশের ঐতিহ্যকে সমৃদ্ধতর করে এবং বর্তমান সরকার দেশে শিল্পকর্ম বিকাশে যে কোন শুভ উদ্যোগকে পৃষ্ঠপোষকতা করিতে প্রতিশ্রুতিবদ্ধ। পরে মন্ত্রী আনুষ্ঠানিকভাবে প্রদর্শনীর উদ্বোধন করেন এবং প্রদর্শনী ঘুরিয়া দেখেন।

এই প্রদর্শনীতে শিল্পীর শতাধিক শিল্পকর্ম স্থান পাইয়াছে এবং আগামী ৬ই জুলাই পর্যন্ত সকাল ১০টা হইতে রাত ৮টা পর্যন্ত উহা জনসাধারণের জন্য খোলা থাকিবে। —তথ্য বিবরণী।